

বক্ষে আমার কাবার ছবি
কাজী নজরুল ইসলাম

বক্ষে আমার কাবার ছবি,
চক্ষে মোহাম্মদ রাসুল।

শিরোপরি মোর খন্দার আরশ
গাই তারি গান পথ বেঙ্গুল।।

পাইলির প্রেমে মজনু পাগল,
আমি পাগল 'লা- ইলা'র,
প্রেমিক দরবেশ আমায় চিনে
অ-রসিকে কয় বাতুল।।

হৃদয়ে মোর খুশীর বাগান,
বুলবুলি তায় গায় সদাই-
ওরা খোদার রহম মাগে
আমি খোদার 'ইশক' চাই।।

আমার মনের মসজিদে দেয়
আজান হাজার 'মুয়াজ্জিন',
প্রানের 'লওহে' কোরান লেখা
'রূহ' পড়ে তা রাত্রিদিন।

খাতুনি জিন্নত আমার মা,
হাসান হোসেন চোখের জল,
ভয় করিনা রোজ- কিয়ামত
পুল- সিরাতের কঠিন পুল ।।